

প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইন্সটান, ঢাকা।

ফোন: +৮৮০২ ৮৩২২৮৭৩, +৮৮০২ ৮৩২১৮৭৮, ফ্যাক্স: +৮৮০২ ৮৩২২৩২৮, website: www.pkb.gov.bd & email:- info@pkb.gov.bd

আদায় ও আইন বিভাগ

নং-৫৩.১৬.২৬৬৬.৯১২.০০৮.৩৫.২৩/৩৯৮

তারিখঃ ২৪.১২.২০২৫

বিষয়ঃ আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের ব্যাংকের খেলাপি ঋণ সংক্রান্ত তথ্য নির্বাচন কমিশনে প্রেরণ প্রসঙ্গে।


সূত্র নং- ৫৩.০০.০০০০.০০০.৩৩১.০৯.০০০২.১৯-৯৬; তারিখঃ ২১ ডিসেম্বর ২০২৫;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। অর্থ মন্ত্রণালয় এর আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নীতি ও আর্থিক প্রণোদনা শাখার উক্ত পত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে।

“উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখ বিকাল ৫.০০ টার পর মনোনয়নপত্র দাখিলকারীগণের নাম, পিতা/মাতা/স্বামীর নাম ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য রাষ্টায়ত্ব বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক স্ব-উদ্যোগে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার নিকট হতে সংগ্রহ করার জন্য এবং সে আলোকে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে উক্ত ঋণ খেলাপ সংক্রান্ত সঠিক তথ্য নির্বাচন কমিশনে সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে নির্দেশনা প্রদান করা হলো।”

০২.০ এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা মোতাবেক রিটার্নিং অফিসারের নিকট হতে সংগৃহীত তালিকার বিপরীতে ঋণ খেলাপী ব্যক্তিগণের/ জামিনদারগণের তথ্য রিটার্নিং অফিসারকে অবহিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


(মোঃ হারুন অর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান

ব্যবস্থাপক

সকল শাখা

প্রবাসী কল্যাণ ব্যাংক

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. অঞ্চল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অফিস কপি।